

কাটোয়া কলেজ

বিজ্ঞপ্তি

তারিখ: ১১.০৫.২০২৩

এতদ্বারা কাটোয়া কলেজের Morning, Day এবং Extended Day Shift - এর কলা, বাণিজ্য ও বিজ্ঞান বিভাগের দ্বিতীয় সেমিস্টারের ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে জানানো যাচ্ছে যে, আগামী ১২মে ২০২৩ তারিখ থেকে ক্লাস শুরু হবে নির্দিষ্ট রুটিনের সময় অনুযায়ী। পাশাপাশি বর্ধমান বিশ্ববিদ্যালয়ের সেমিস্টার ক্লাস এবং ক্লাসে উপস্থিতি সংক্রান্ত নিয়মাবলী অনুসারে প্রত্যেক ছাত্র-ছাত্রীকে নিয়মিত ক্লাস করার জন্য নির্দেশ দেওয়া হচ্ছে। আরো জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ের চূড়ান্ত সেমিস্টার পরীক্ষার ফর্ম ফিলাপের আগে সকল বিভাগ কর্তৃক Class Attendance Report প্রকাশিত হবে। এক্ষেত্রে যাদের উপস্থিতির হার বিশ্ববিদ্যালয় নির্ধারিত নিয়মের থেকে কম হবে, তারা কোনোভাবেই পরীক্ষার ফর্ম ফিলাপ করতে পারবেনা। আবার কলেজের ইন্টারনাল পরীক্ষায় কোনো ছাত্র-ছাত্রী অনুপস্থিত থাকলে তাদের আর কোনোভাবেই পরীক্ষা নেওয়া যাবে না। বিশেষভাবে উল্লেখ্য, প্রাকটিক্যাল নির্ভর সাবজেক্টের ক্ষেত্রে জানানো যাচ্ছে যে, যে সকল ছাত্র-ছাত্রী থিওরি ক্লাসে অনুপস্থিত থাকবে, তারা প্রত্যেকেই প্রাকটিক্যাল ক্লাস করার সুযোগ থেকে বঞ্চিত হবে।

আদেশানুসারে

অধ্যক্ষ

কাটোয়া কলেজ